

দৈনিক ইন্ডিয়ার

অন্তর্মাস ২৬. DEC. 1986
পৃষ্ঠা ৫ কলাম

উপজেলা পরিক্রমা উজিরপুর

বরিশাল, ২৫ ডিসেম্বর (সংবাদদাতা)।—
বরিশাল জেলা শহর থেকে ২০
কিলোমিটার দূরে উত্তর-পশ্চিম কোণে
অবস্থিত উজিরপুর। উপজেলা। এ
উপজেলার আয়তন ১৫ বর্গমাইল।
১১৮টি গ্রাম ও ৯টি ইউনিয়ন নিয়ে গঠিত
উজিরপুর উপজেলা। লোক সংখ্যা ২
লাখ ১১ হাজার ৭শ' ৯ জন। এর মধ্যে
পুরুষ ১ লাখ ৫ হাজার ৮শ' ৭০ জন
এবং মহিলা ১ লাখ ৫ হাজার ৮শ' ৬৯
জন।

এ উপজেলার দুটি ডিগ্রী কলেজসহ মোট
কলেজ ২টি। এর মধ্যে ২টি
কলেজ চলতি বছরে স্থাপিত হয়েছে।
৩৩টি মাধ্যমিক, ২টি বালিকা মাধ্যমিক,
৮টি নিম্ন মাধ্যমিক, ১০১টি আর্থিক
বিদ্যালয় এবং সিনিয়র ও জুনিয়র মাদ্রাসা
১৩টি এবং এবত্তেয়া মাদ্রাসা ৬৫টি
রয়েছে।

যাতায়তা ব্যবস্থা

এ উজেলার সাথে জেলা সদরের সড়ক
পথে (ফেরীর মাধ্যমে) যোগাযোগের
ব্যবস্থা রয়েছে। এছাড়া উপজেলার
আভাস্তরীণ যোগাযোগের মাধ্যম হচ্ছে
নেক্স ও লঞ্চ। আয়তন ১৫ বর্গমাইল।
অবশ্য আয়তনের তুলনায় সড়ক ব্যবস্থা
অপ্রতুল। পাকা রাস্তা ৩.৫ মাইল এবং
কাঁচা রাস্তা ১২.৭ মাইল। শুধু মাত্র
উপজেলার সদর এলাকায় রিকশা চলাচল
কর্ম।

এ উপজেলার মোট জমির পরিমাণ ৬১
হাজার ৬শ' ৭২ একর। এর মধ্যে
চাষাবাদযোগ্য জমি ৪৫ হাজার ৮শ' ১২
নগণ।

একর এবং অনাবাদী জমি ১৮ হাজার
৮শ' ৮০ একর। ধান, পাট, আখ ও পান
এ উপজেলার প্রধান উৎপাদন ফসল।
এখানের ৩১ হাজার একর জমিতে
আমন, ২০ হাজার ১শ' ৮০ একর
জমিতে আউশ, ৪ হাজার ৫শ' জমিতে
বোরো চাষ করা হয়। এ ছাড়াও তোষা ও
দেশী পাট ৩ হাজার একর জমিতে,
পানের বরজ ২ হাজার একর জমিতে
এবং আখ ১৪০ একর জমিতে চাষাবাদ
করা হয়। পান উৎপাদনের জন্য এ
উপজেলা বিশেষ উৎসেখযোগ্য। কৃষি
কাজের জন্য শক্তি চালিত পাস্প রয়েছে
১৭০টি। শিকারপুরে বি. জি. সি. পাট
কেন্দ্র রয়েছে। এ কেন্দ্রের আয়ের
লক্ষ্যমাত্রা ৩০ হাজার মণ।
চিকিৎসা।

এ উপজেলায় একটি স্বাস্থ্য কেন্দ্র রয়েছে।
প্রতিদিন গ্রাম অঞ্চল থেকে শত শত
রোগী চিকিৎসার জন্য এখানে আসে।
হাসপাতালে ওযুধের অপ্রতুলতার জন্য
দরিদ্র রোগীদের সুচিকিৎসা হচ্ছে না।
ওযুধের ব্যবস্থাপত্র নিয়ে বরিশাল জেলা
শহরে আসতে হয়।

খাবার পানি
এখনকার অধিকাংশ অধিবাসী নদী ও
খালের পানি খাওয়া-দাওয়ার কাজে
ব্যবহার করে থাকে। বিশুद্ধ খাবার পানির
অভাব তীব্রতর। এখানে গভীর নলকৃপ
৫১টি এবং অগভীর নলকৃপ ১২৫টি
রয়েছে। এর মধ্যে কয়েকটি নলকৃপ
অকেজো অবস্থায় রয়েছে। জনসংখ্যা
তুলনায় এ নলকৃপের পরিমাণ অতি
নগণ।